# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১
**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশা/২৩৩২৫১০১৮৫৮১/ঝালকাঠী-১৬/**২৩৯**

তারিখ: ১২ শ্রাবণ ১৪৩২ / ২৭ জুলাই ২০২৫

**বিষয় : অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে ঝালকাঠি জেলার নলছিটি উপজেলাধীন নাংগুলী মালিপুর নিজামিয়া দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটি নির্বাচন স্থগিত পূর্বক ভোটার তালিকা সংশোধন করার জন্য মাওলানা মোঃ কুতুবউদ্দিন অভিযোগ দাখিল করেছেন। দাখিলকৃত কাগজপত্র পর্যালোচনায় দেখা যায় মাদ্রাসার বর্তমান সুপার ভুয়া ভোটার তালিকা প্রস্তুত করা, লেখাপড়া করেনা এমন বিবাহিত মেয়েদের ছাত্রী দেখাইয়া ভোটার করা, জমির দাতাদের সদস্য না করা, নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে ইচ্ছুক ব্যক্তিদের কোন ফরম সরবরাহ না করা বিষয়ে অভিযোগ করেছেন। (কপি সংযুক্ত)।

এমতাবস্থায় অভিযোগ সংক্রান্ত সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ০১ (এক) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

২৭.৭.২৫

প্রফেসর ছালেহ আহমাদ
রেজিস্ট্রার
ফোন: ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার
নলছিটি, ঝালকাঠী।

নং-বামাশিবো/প্রশা/২৩৩২৫১০১৮৫৮১/ঝালকাঠী-১৬/

তারিখ: ১২ শ্রাবণ ১৪৩২ / ২৭ জুলাই ২০২৫

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১. জেলা প্রশাসক, ঝালকাঠী;
২. জেলা শিক্ষা অফিসার, ঝালকাঠী;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নলছিটি, ঝালকাঠী;
৪. সভাপতি, নাংগুলী মালিপুর নিজামিয়া দাখিল মাদ্রাসা, ডাকঘর ও থানা- নলছিটি, ঝালকাঠী;
৫. সুপার/ভারপ্রাপ্ত সুপার, নাংগুলী মালিপুর নিজামিয়া দাখিল মাদ্রাসা, ডাকঘর ও থানা- নলছিটি, ঝালকাঠী;
৬. মাওলানা মোঃ কুতুবউদ্দিন (অভিযোগকারী), সাং- মালিপুর, ডাকঘর ও থানা- নলছিটি, ঝালকাঠী;
৭. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. আইন সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৯. অফিস কপি।

২৭.৭.২৫

মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd

F:\অডিটর\অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন.doc

তারিখঃ ২১/০৭/২০২৫ ইং

বরাবর,

চেয়ারম্যান মহোদয়

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ড

ঢাকা।

বিষয়ঃ নাঙ্গুলী মালিপুর নিজামিয়া দাখিল মাদ্রাসা ১৫/০৭/২০২৫ ইং তারিখের ম্যানেজিং কমিটি নির্বাচন স্থগিত পূর্বক ভোটার তালিকা সংশোধন প্রসঙ্গে।

জনাব,

সম্মান পূর্বক নিবেদন এই যে, নাঙ্গুলী মালিপুর নিজামিয়া দাখিল মাদ্রাসা, পোঃ নলছিটি, উপজেলা ঃ নলছিটি, জেলাঃ ঝালকাঠি স্থাপিত ১৯৮৫ইং ই আই আই এন ১০১৮৫৮ কোড নাম্বার ১৬৬০০ পোষ্ট কোড ৮৪২০ বর্তমানে এ্যাডহক কমিটি বিদ্যমান আছে। এমতাবস্থায় প্রতিষ্ঠানের সুপার ভূয়া ভোটার তালিকাভুক্ত করিয়া, ভোটার তালিকায় লেখাপড়া করেনা এমন বিবাহিতা মেয়েদের ছাত্রী দেখাইয়া নোটিশ বোর্ডে যা কাহাকেও না জানাইয়া চূড়ান্ত ভোটার তালিকা প্রস্তুত করিয়াছেন। এবং জমির দাতাদের সদস্য করেন নাই। তিনি তার নিজস্ব লোকদের দ্বারা পকেট কমিটি করার জন্য ১৫/০৭/২০২৫ইং তারিখ নির্বাচনের তারিখ স্থির করিয়াছেন। নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে ইচ্ছুক ব্যক্তিদের কোন ফরম উক্ত মাদ্রাসা থেকে সরবরাহ করেন নাই। কয়েকজন প্রার্থী সাংবাদিক নিয়া মাদ্রাসার সুপারের নিকট উপস্থিত হয়ে ফরম সংগ্রহ করতে ব্যর্থ হন। সংবাদিকের পরামর্শ নিয়ে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কাছ থেকে ফরম সংগ্রহ করিলে তাহাদের নির্বাচনে অংশগ্রহন না করার হুমকি দিয়ে আসিতেছেন। এমতাবস্থায় ১৫/০৭/২০২৫ইং তারিখে নির্বাচন স্থগিত করিয়া ভোটার তালিকা সংশোধন পূর্বক পুনরায় তফসিল ঘোষনা করিয়া সকলের অংশগ্রহনের বিষয় নিশ্চিত করিয়া নির্বাচনের তারিখ ধার্যকরা একান্ত আবশ্যক।

সেমতে প্রার্থনা, জনাবের নিকট আবেদন যাহাতে ১৫/০৭/২০২৫ইং তারিখের উক্ত প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটির নির্বাচন স্থগিত করিয়া, ভোটার তালিকা সংশোধন করিয়া, পুনরায় তফসিল ঘোষনা করিয়া সকলের অংশগ্রহনে নির্বাচন অনুষ্ঠিত হয় তাহার প্রয়োজনীয় ব্যবস্থা দানে জনাবের আজ্ঞা হয়।

নিবেদক,

এলাকা বাসির পক্ষে,

(মাওলানা মোঃ কুতুবউদ্দিন)

সাবেক সুপার

নাঙ্গুলী মালিপুর নিজামিয়া দাখিল মাদ্রাসা

পোঃ নলছিটি, উপজেলাঃ নলছিটি, জেলাঃ ঝালকাঠি।

মোবাইল নম্বরঃ 01704888762

ভূয়াভোটারঃ

| পিতা নাম | শিক্ষার্থীর নাম | ভোটার নং | মন্তব্য |
|---|---|---|---|
| মোঃ জসিম হাং | মোঃ সাব্বির হাওলাদার | ১০৫ | হাফিজি পড়ে |
| মোঃ সুলতান হাওলাদার | তন্নি আক্তার | ১৭৩ | বিবাহিত |
| মোঃ মামুন মল্লিক | মোসাঃ সনিয়া আক্তার মিম | ১৭৫ | বিবাহিত |
| মোঃ আব্দুল হালিম | সেফা আক্তার | ১৪০ | সরকারি নলছিটি মার্কেন্টি স্কুলে পড়ে |

অনুলিপিঃ

১। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ড ঢাকা।

২। উপজেলা নির্বাহী অফিসার।

৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার।